গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাণিজ্য মন্ত্রণালয়
বাণিজ্য সংগঠন-২ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.mincom.gov.bd

স্মারক নম্বর: ২৬.০০.০০০০.১৫৭.৩৩.০২৩.৯১ (অংশ-২)-৭৮

তারিখ: ১৭ ভাদ্র ১৪৩২ / ০১ সেপ্টেম্বর ২০২৫

**অফিস আদেশ**

যেহেতু, বাংলাদেশ পোল্ট্রি ইন্ডাষ্ট্রিজ এসোসিয়েশন বাণিজ্য মন্ত্রণালয়ের লাইসেন্সপ্রাপ্ত একটি নিবন্ধিত বাণিজ্য সংগঠন;

যেহেতু, বাংলাদেশ পোল্ট্রি ইন্ডাষ্ট্রিজ এসোসিয়েশন (বিপিআইএ) এর কার্যনির্বাহী কমিটির মেয়াদ শেষ হওয়ায় সংগঠনটির কার্যনির্বাহী কমিটির মেয়াদ বৃদ্ধির আবেদন পাওয়া গেছে;

যেহেতু, বাংলাদেশ পোল্ট্রি ইন্ডাষ্ট্রিজ এসোসিয়েশন এর কার্যনির্বাহী কমিটির মেয়াদ ৬ (ছয়) মাস বৃদ্ধি করা হলেও সর্বশেষ কমিটি নির্বাচন করতে ব্যর্থ হয়েছেন;

যেহেতু, বাণিজ্য সংগঠন আইন, ২০২২ এর ১৪ ধারা অনুযায়ী মহাপরিচালক কর্তৃক মঞ্জুরকৃত সময়ের মধ্যে কোনো বাণিজ্য সংগঠন নির্বাচন অনুষ্ঠান করতে ব্যর্থ হইলে উক্ত বাণিজ্য সংগঠনের নির্বাচন অনুষ্ঠান তথা দৈনন্দিন কার্যক্রম পরিচালনার জন্য সরকার প্রশাসক নিয়োগ করতে পারবে;

সেহেতু, বাণিজ্য সংগঠন আইন, ২০২২ এর ১৭ ধারা মোতাবেক সংগঠনটির পরিচালনা পর্ষদ বাতিলপূর্বক সরকারের অনুমোদনক্রমে মিজ্ সুফিয়া আক্তার রুমী, যুগ্মসচিব, বাণিজ্য মন্ত্রণালয়-কে বাংলাদেশ পোল্ট্রি ইন্ডাষ্ট্রিজ এসোসিয়েশন এর প্রশাসক হিসেবে নিয়োগ করা হলো। তিনি ১২০ (একশত বিশ) দিনের মধ্যে একটি সুষ্ঠু ও নিরপেক্ষ নির্বাচন অনুষ্ঠান সম্পন্ন করত: নির্বাচিত কমিটির নিকট দায়িত্ব হস্তান্তর করে এ মন্ত্রণালয়কে অবহিত করবেন।

০১/০৯/২৫
মুহাম্মদ রেহান উদ্দিন
মহাপরিচালক (অঃদাঃ)
ফোন- ৯৫৪০৬৭৯
ই-মেইল: dgeneral.to@mincom.gov.bd

অনুলিপি (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

০১। নিবন্ধক, যৌথমূলধন কোম্পানি ও ফার্মসমূহের পরিদপ্তর, টিসিবি ভবন, ১ কারওয়ান বাজার, ঢাকা
০২। জেলা প্রশাসক, ঢাকা
০৩। প্রশাসক, এফবিসিসিআই, ৬০ মতিঝিল, বা/এ, ঢাকা
০৪। মিজ্ সুফিয়া আক্তার রুমী, যুগ্মসচিব (টিএসএম অধিশাখা), বাণিজ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
০৫। মাননীয় উপদেষ্টার একান্ত সচিব, বাণিজ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (মাননীয় উপদেষ্টা মহোদয়ের সদয় অবগতির জন্য)
০৬। সচিবের একান্ত সচিব, বাণিজ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)
০৭। জনসংযোগ কর্মকর্তা, উপদেষ্টার দপ্তর, বাণিজ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
০৮। অফিস সচিব, বাংলাদেশ পোল্ট্রি ইন্ডাস্ট্রিজ এসোসিয়েশন (বিপিআই), হাউজ নং-২২২ (৩য় তলা/2AB), রোড নং-৩, এভিনিউ-৩, ডিওএইচএস, মিরপুর-১২, ঢাকা।

০১/৯/২৫
(চৌধুরী সামিয়া ইয়াসমীন)
উপসচিব (অ:দা:)

CamScanner